**নেপালের আঞ্চলিক কর্মশালার জন্য**[1]

**বিলিপত্র ১.২ গৃহস্থালি কাজে শিশুশ্রম কি?**[2]

**১. গৃহস্থালি কাজ কি?**[3] গৃহস্থালি কাজের উপর আইএলও নীতি নং ১৮৯ "গৃহস্থালি কাজ"-কে একটি পরিবারের মধ্যে বা জন্য সম্পাদিত কাজ হিসেবে, এবং "গৃহকর্মী"-কে একটি কর্মসংস্থান-সম্পর্কের মধ্যে গৃহস্থালি কাজে যুক্ত একজন ব্যক্তি হিসেবে সংজ্ঞায়িত করে। গৃহস্থালি কাজ অন্তর্ভুক্ত করে কর্ম ও সেবার একটি প্রশস্ত পরিসর যা দেশ থেকে দেশে বদলাতে পারে। এটি ভিন্নতর হতে পারে শ্রমিকদের সংশ্লিষ্ট বয়স, লিঙ্গ, সাম্প্রদায়িক পটভূমি এবং অভিপ্রয়ান অবস্থা উপর নির্ভর করে, এবং সাংস্কৃতিক ও অর্থনৈতিক সূত্রে যাতে তারা কাজ করে। এটি যুক্ত করতে পারে পরিষ্করণ, রান্না, ধৌতকরণ এবং কাপড় ইস্ত্রি করা, বাচ্চাদের দেখাশোনা করা, বয়স্ক বা প্রতিবন্ধী ব্যক্তি, গাড়ী চালানো, ঘর বা বাগান পাহারা দেওয়া। অন্য সবরকমের কাজ থেকে যা গৃহস্থালি কাজকে আলাদা করে তা হল কর্মীদের নিয়োগ করা হয় এবং পরিবারের জন্য সেবা প্রদান করা যা তাদের নিজস্ব নয়।

**২. কে একজন শিশু?**[4] শিশু অধিকারের উপর জাতিসংঘ নীতি (সিআরসি) এবং শিশুশ্রমের উপর আইএলও নীতিমালা (১৩৮ নং ও ১৮২ নং) একজন শিশুকে সংজ্ঞায়িত করে "১৮ বছরের নিচে একজন ব্যক্তি হিসেবে, যদিনা কোন বিশেষ রাষ্ট্রের আইনসমূহ কনিষ্ঠ বয়ঃসন্ধির জন্য বৈধ বয়স নির্ধারণ করে দেয়।" *বেশিরভাগ রাষ্ট্রে, এশিয়া/প্রশান্ত মহাসাগরসহ, বয়ঃসন্ধির জন্য বৈধ বয়স হচ্ছে ১৮ বছর।*

**৩. শিশুদের দ্বারা তাদের নিজেদের ঘরে সম্পাদিত গৃহস্থালি কাজগুলো কি শিশু গৃহস্থালি কাজ স্থাপন করে?**[5] শিশুদের দ্বারা করা গৃহস্থালি কাজসমূহ, যুক্তিসঙ্গত শর্তের উপর এবং তাদের নিকটবর্তীদের তত্ত্বাবধানে, হচ্ছে পারিবারিক জীবনের এবং বেড়ে ওঠার একটি অবিচ্ছেদ্য অংশ। তবে, সেখানে শিশুশ্রমের মতন পরিস্থিতি হতে পারে, যদি শিশুদের শিক্ষার সাথে কাজটি হস্তক্ষেপ করে অথবা অত্যধিক দীর্ঘ বা কঠিন হয়। শিশুরা তাদের নিজেদের ঘরে গৃহস্থালি কাজ করে, এবং শিশুরা গৃহস্থালি কাজে (তাদের গৃহকর্তাদের ঘরবাড়ীতে) হয়ত একইরকম কাজ সম্পাদন করে। প্রথম ক্ষেত্রে, কর্মসংস্থান উপাদান অনুপস্থিত; কাজেই আমাদের ঐ পরিস্থিতিগুলকে গৃহস্থালি কাজ হিসেবে উল্লেখ করাটা পরিহার করা উচিৎ। কিন্তু, যখন পরিবারের জন্য অগ্রহণযোগ্য শর্তের অধীনে পিতামাতার প্রয়োজন হয় তাদের শিশুদের গৃহস্থালি কাজ করানোর, এটি গৃহস্থালি কাজে শিশুশ্রম হিসেবে বিবেচিত হবে যা দূর করা প্রয়োজন।

---

[1] For Nepal regional workshop
[2] Handout 1.2 What is child labour in domestic work?
[3] What is domestic work?
[4] Who is a child?
[5] Do household chores performed by children in their own homes constitute child domestic work?

৪. **শিশু গৃহস্থালি কাজ কি?**[6] শিশু গৃহস্থালি কাজ হচ্ছে *একজন গৃহকর্তার ঘরে শিশুদের কাজ* -এর জন্য সাধারণ শর্ত। এই সাধারণ ধারণা পরিস্থিতিসমূহকে অন্তর্ভুক্ত করে যেগুলো অনুমোদিত (আইন দ্বারা অনুমোদিত) পাশাপাশি অননুমোদিত (আইন দ্বারা অনুমোদিত নয়)। অনুমোদিত পরিস্থিতিসমূহ হচ্ছে সেগুলো যাঃ

- শিশুদের দ্বারা সম্পাদিত কাজের ধরণ এবং শর্তাবলীসমূহের জন্য আইনি সর্বনিম্ন বয়সকে মান্য করে

- শিশুদের শিক্ষালাভের সাথে হস্তক্ষেপ করেনা, এবং

- একজন শিশুর শারীরিক, মানসিক অথবা নৈতিক কল্যাণকে বিপদগ্রস্থ করেনা, হয় কাজের ধরণের কারণে অথবা এর শর্তাবলীর কারণে যার ভেতর এটি সম্পন্ন হয়।

৫. **গৃহস্থালি কাজে শিশুশ্রম কি এবং কখন একে "শিশুশ্রমের সবচেয়ে খারাপ ধরণ" (ডব্লিউএফসিএল) হিসেবে বিবেচনা করা হয়?**[7] গৃহস্থালি কাজের বিশেষ ধরণসমূহকে "শিশুশ্রম" বলা যায় কিনা তা নির্ভর করে শিশুর বয়স, কাজের ধরণ ও সময়, এবং এটি যেসব শর্তাবলীতে সম্পাদিত হয়।

**বাক্স ১ গৃহস্থালি কাজে শিশুশ্রম কি?**[8]

গৃহস্থালি কাজে শিশুশ্রম নির্দিষ্ট করে *অননুমোদিত পরিস্থিতিগুলোকে* যেখানে গৃহস্থালি কাজ সংশ্লিষ্ট সর্বনিম্ন বয়সের নিচের শিশুদের দ্বারা সম্পাদিত হয়, বিপদজনক শর্তাবলীতে অথবা দাসত্ব-সদৃশ পরিস্থিতিতে। গৃহস্থালি কাজে শিশুশ্রমের পরিস্থিতিগুলোতে শিশুরা বঞ্চিত হয় তাদের শৈশব, তাদের সম্ভাব্যতা এবং তাদের মর্যাদা থেকে।

তারা কাজ করে যা আইন দ্বারা তাদের তরুণ বয়সের কারণে অনুমোদিত নয়।

তাদের করা কাজের ধরণ এবং পরিস্থিতিসমুহের দ্বারা তাদের শারীরিক, মানসিক বা নৈতিক মঙ্গল সঙ্কটাপন্ন যার ভেতর এটি সম্পন্ন করা হয়।

তাদের কাজ তাদের পড়াশোনায় হস্তক্ষেপ করে, তাদের বিদ্যালয়ে পড়ার সুযোগ কেড়ে নেয়, তাদের অকালে বিদ্যালয় ছাড়তে বাধ্য করে, অথবা বিদ্যালয়ে উপস্থিতিকে অতিরিক্ত দীর্ঘ এবং ভারী কাজের সাথে যুক্ত করার চেষ্টা করতে চায়।

**শিশুশ্রমের সবচেয়ে খারাপ ধরণসমূহ (ডব্লিউএফসিএল)**[9]

আইএলও নীতি নং ১৮২-এর প্রবন্ধ ৩ শিশুশ্রমের সবচেয়ে খারাপ ধরণসমূহ হিসেবে সংজ্ঞায়িত করেঃ

---

[6] What is child domestic work?

[7] What is child labour in domestic work and when is it considered as a "worst form of child labour" (WFCL)?

[8] Box 1 What is child labour in domestic work?

[9] Worst forms of child labour (WFCL)

"ক. সবরকমের দাসত্ব অথবা দাসত্বের অনুরূপ চর্চা, যেমন শিশুদের বিক্রয় ও পাচার, ঋণ দাসত্ব ও ভূমিদাসত্ব এবং জোরপূর্বক বা বাধ্যতামূলক শ্রম, সশস্ত্র সংঘাতে ব্যবহারের জন্য জোরপূর্বক বা বাধ্যতামূলক শিশুদের নিয়োগসহ।
খ. পতিতাবৃত্তির জন্য প্ররোচিত বা প্রস্তাব করা, অশ্লীল রচনা তৈরির জন্য অথবা অশ্লীল ক্রিয়াকাণ্ডের জন্য, একজন শিশুর ব্যবহার।
গ. আন্তর্জাতিক চুক্তিসমূহে সংশ্লিষ্ট হিসেবে সংজ্ঞায়িত অবৈধ কর্মকাণ্ডের জন্য প্ররোচিত বা প্রস্তাব করা, বিশেষভাবে মাদক তৈরিতে এবং পাচারে, একজন শিশুর ব্যবহার।
ঘ. কাজ যা, তার প্রকৃতি বা পরিস্থিতির দ্বারা যার ভেতর এটি সম্পন্ন করা হয়, সম্ভবত শিশুদের স্বাস্থ্য, নিরাপত্তা বা নৈতিকতার ক্ষতি করতে পারে।" (বিঃদ্রঃ বিপদজনক কাজ)।

"শিশুর গৃহস্থালি কাজের সবচেয়ে খারাপ ধরণসমূহ যেকোনো শিশুর পরিস্থিতিকে গঠন করে যাকে গার্হস্থ্য সেবাতে পাচার করা হয়েছে,
- দাসত্ব বা দাসত্ব-সদৃশ পরিস্থিতিগুলোতে
- যৌন নির্যাতিত বা শোষিত, অথবা জাতীয় আইনে বিপদজনক হিসেবে সংজ্ঞায়িত কাজে যুক্ত, আইএলও সুপারিশ নং ১৯০-এর বিবেচনায় নেওয়া।

**শিশুর গৃহস্থালি কাজের সকল খারাপ ধরণসমূহ অগ্রহণযোগ্য এবং অবশ্যই দূর করতে হবে।**[10] অগ্রাধিকার বিষয় হিসেবে শিশুদেরকে এমনসব পরিস্থিতিগুলো থেকে সরিয়ে নেওয়া উচিৎ।"

সূত্রঃ Helping hands or shackled lives? Understanding child domestic labour and responses to it, ILOIPeC, Geneva, 2004
http://www.ilo.org/ipecinfo/product/download.do?type=document&id=348.

৬. **শিশু গৃহস্থালি কাজের উপর কিছু তথ্য ও পরিসংখ্যান**[11] (সূত্র আইএলও আইপিএসি তথ্যপত্র ২০১৩ "শিশু গৃহস্থালি কাজঃ বৈশ্বিক শুমারি ২০১২")

এশিয়া/প্রশান্ত মহাসাগরসহ সারা বিশ্বজুড়ে যথেষ্ট প্রমাণ আছে যে, গৃহস্থালি কাজে *শিশুশ্রম* অতি ব্যাপক।

- ৩য় পক্ষের বা নিয়োগদাতার বাড়ীতে বৈতনিক বা অবৈতনিক গৃহস্থালি কাজে ১ কোটি ৭২ লক্ষ শিশু।

- এদের মধ্যে, ১ কোটি ১৫ লক্ষ শিশুশ্রম পরিস্থিতিতে;

- এদের ৩৭ লক্ষ বিপদজনক কাজে (সকল শিশু গৃহকর্মীর ২১.৪ শতাংশ);

- ৫৭ লক্ষ, বেশীরভাগ কিশোর, অনুমোদিত কাজে আছে তবে নির্যাতন থেকে নিরাপত্তা এবং উপযুক্ত কাজ পাওয়া আবশ্যিক।

[10] All worst forms of child domestic labour are unacceptable and must be eliminated.
[11] Some facts and figures on child domestic work

- এছাড়াও, শিশুদের অনির্ধারিত সংখ্যা হচ্ছে গৃহস্থালি কাজে জোরপূর্বক শ্রম ও পাচারের ফল হিসেবে।

- ২ কোটি ৯ লক্ষের সর্বমোট সংখ্যার জোরপূর্বক শ্রমিকেরা, ১৭ বছর এবং তার নিচের শিশুরা সকল জোরপূর্বক শ্রমের ভুক্তভোগীদের প্রতিনিধিত্ব করে (অথবা ৫৫ লক্ষ শিশু)। যখন গৃহস্থালি কাজের জন্য শিশুদের জোরপূর্বক শ্রম ও পাচারের সুনির্দিষ্ট সংখ্যা অজানা থেকেছে, তথ্যপ্রমান শিশুদের ঋণ দাসত্ব, পাচারের ভুক্তভোগী এবং দাসত্ব-সদৃশ পরিস্থিতিরর উল্লেখযোগ্য সংখ্যার অস্তিত্বের প্রতি ইঙ্গিত করে;

- সকল গৃহকর্মী শিশুদের ৬৭.১ শতাংশ হচ্ছে মেয়ে; এটা অনুমান করা হয় যে ১৬ বছরেরও কম বেশীরভাগ মেয়েরা অন্য যেকোনো কাজের থেকে গৃহস্থালি কাজে নিয়োগপ্রাপ্ত।

- সকল গৃহকর্মী শিশুদের ৬৫.১ শতাংশ হচ্ছে ১৪ বছরের নিচে; ৭৪ লক্ষ ৫ থেকে ১১ বছর বয়সী এবং ৩৮ লক্ষ ১২ থেকে ১৪ বছর বয়সী।

## ৭. শিশুর গৃহস্থালি কাজের সাধারণ বৈশিষ্ট্যসমূহ এবং এশিয়া/প্রশান্ত মহাসাগরে শিশু গৃহকর্মীরা[12]

- শিশু গৃহকর্মীদের বয়স ১২ বছর বা তার অধিক হয়ে থাকে, যদিও অনেকেই আরও কম বয়সে কাজ করা শুরু করে।

- মেয়েরা বিশাল সংখ্যাগরিষ্ঠতা পূরণ করে। তারা সাধারণত নারীর দৈনন্দিন কাজের অংশ হিসেবে বিবেচিত কাজগুলোর ভার গ্রহণ করেঃ শিশু পরিচর্যা, পরিষ্করণ, কাপড় ধোয়া, রান্না, পানি ও জ্বালানি আনা, পরিবারের পোষা প্রাণী এবং পশুসম্পত্তি পালন করা, খাবার বাজার করা, বার্তাবহকরূপে কাজ করা, বয়স্কদের দেখাশোনা করা। কখনও তারা ক্ষুদ্র বাণিজ্য বা ব্যবসায় সহায়তাও করে।

- যেখানে ছেলেরা নিয়োগপ্রাপ্ত, তারা আরও প্রচলিতভাবে ঘরের বাইরে কাজ করে (বাগান করা, মেঝে পরিষ্কার করা, গাড়ি ধোয়া)।

- বাংলাদেশ, পাকিস্তান এবং শ্রীলংকার অনেক শিশুরা ঋণ দাসত্বের কারণে শিশুশ্রমিক হিসেবে নিয়োগপ্রাপ্ত।

- অবমাননাকর পরিস্থিতির কারণে শিশু গৃহকর্মহীদের মধ্যে দুশ্চিন্তা এবং কম আত্মমর্যাদাবোধ তাদের ক্ষমতায়নে উল্লেখযোগ্য বাধা হিসেবে সনাক্ত করা হয়েছে।

- শিক্ষাগত সুযোগ অধিগত করা এবং বিদ্যালয়ে থাকাটা অত্যন্ত কঠিন একজন শিশু গৃহকর্মীর জন্য। যারা এখনও বিদ্যালয়ে যাচ্ছে, তাদের বাড়ীর কাজ করা এবং বজায় রাখার সামর্থ্যের সাথে কাজ ক্রমাগত বাধা দেয়।

- বিদ্যালয়গুলো প্রায়ই শিশু গৃহকর্মীদের চাহিদার প্রতি অজ্ঞাত থাকার ফলে তাদেরকে তাদের সহপাঠীদের সামনে ভীত এবং বিব্রত বোধ করায়।

[12] Common features of child domestic work and child domestic workers in Asia/Pacific

- একটি উল্লেখযোগ্য সংখ্যক শিশু গৃহকর্মী উপজাতীয় এবং জাতিগত সংখ্যালঘু অথবা নিম্ন বর্ণ বা শ্রেণী থেকে আসে।

- লিখিত কর্মচুক্তি থাকা অত্যন্ত বিরল।

- বাড়ী ছেড়ে চলে যাওয়ার স্বাধীনতার অভাব হচ্ছে সাধারণ ব্যাপার। উদাহরণস্বরূপ, ইন্ডিয়াতে, এটি প্রতিবেদন করা হয়েছে যে শিশু গৃহকর্মের জন্য পাচারের ভুক্তভোগীদের তাদের নিয়োগকর্তার বাসার বাইরে সামাজিক যোগাযোগ অল্প আছে বা একটুও নেই।

- অনেক শিশু তাদেরকে নিয়োগকর্তার পরিবারের ভাষা এবং সংস্কৃতি আয়ত্ত করতে বাধ্য হতে পায়।

- পরিবারগুলোতে যেখানে মায়েরা গৃহকর্মী, তাদের সন্তানেরা গৃহকর্মী হওয়া আরও সম্ভাব্য।

### ৮. শিশুর গৃহস্থালি কাজ কেন গোপন আছে এবং মোকাবেলা করা অনেক কঠিন?[13]

গৃহস্থালি কাজ প্রায়ই গোপন আছে এবং মোকাবেলা করা কঠিন *এটির সামাকিজ ও সাংস্কৃতিক গঠনের* কারণে।

*সামাজিক এবং সাংস্কৃতিক কারণগুলিঃ* অনেক রাষ্ট্রে শিশু গৃহস্থালি কাজ সামাজিক এবং সাংস্কৃতিকভাবে মেনে নেওয়া হয়। এটি আরও গণ্য করা হয় একটি ইতিবাচকভাবে একটি সংরক্ষিত, নিরাপদ ও উপযুক্ত ধরণের কাজ হিসেবে এবং কর্মসংস্থানের অনন্যা ধারায় পছন্দনীয়, বিশেষ করে মেয়েদের জন্য। শিশু গৃহস্থালি কাজ প্রচলিত হয় ঘরের ভেতর ও বাহিরে ঐতিহ্যগত নারী ভূমিকা ও দায়িত্ব সম্পর্কে দীর্ঘমেয়াদী সামাজিক দৃষ্টিভঙ্গি কারণে। গৃহস্থালি কাজ সাধারণত একজন মেয়ের সাবালকত্ব এবং বিয়ের জন্য "শিক্ষানবিসি"-এর অংশ হিসেবে ধরা হয়।

**বাক্স ২ লিঙ্গ মাত্রা**[14]

**১০** কোটিরও অধিক ৬ থেকে **১৭** বছরের মেয়েরা বিশ্বজুড়ে শিশুশ্রমে জড়িত বলে ধারণা করা হয়। এদের মধ্যে অর্ধেকেরও বেশি (৫ কোটি ৩০ লক্ষ) বিপদজনক কাজে জড়িত বলে অনুমান করা হয়। বিশেষ ভীতিকর ব্যাপার হচ্ছে যে মেয়েরা জোরপূর্বক ও চুক্তিভুক্ত শ্রম এবং পতিতাবৃত্তিসহ কিছু সর্বাধিক বিপদজনক ধরণের শিশুশ্রমে জড়িত শিশুদের একটি বিশাল অনুপাত গঠন করে।

*লিঙ্গ হচ্ছে গৃহস্থালি কাজে একটি কেন্দ্রীয় উপাদান*। অনেক সংস্কৃতিতে মেয়েরা প্রাথমিকভাবে এবং বিশিষ্টভাবে গৃহকর্মী হিসেবে প্রত্যাশিত, তাই একটি অল্পবয়সে ঘরের কাজকে তাদের জন্য "স্বাভাবিক" হিসেবে গণ্য করা হয়। গৃহস্থালি কাজকে আরও প্রায়শ দেখা হয় শিক্ষা থেকে যেকোনো উপলব্ধ আয়ের চেয়ে অধিক মূল্যবান হিসেবে। এতি বিশেষত অবস্থা যখন পিতামাতারা হিসেব করে কিভাবে, এবং তাদের সন্তানের কিসের জন্য, তারা বিদ্যালয়ের খরচ এবং বেতন পরিশোধ করতে পারে। এতি সাধারণত ছেলেরা যারা বিশেষ সুবিধাপ্রাপ্ত। এছাড়াও, অনেক বিদ্যালয়ই মেয়েদের জন্য আশঙ্কাজনক স্থান, যেখানে তারা

[13] Why is child domestic work hidden and so difficult to tackle?

[14] Box 2: The gender dimension

সহপাঠী ও শিক্ষকদের থেকে যৌন নিপীড়নের এবং কুসংস্কার এবং ত্রুটিপূর্ণ পাঠ্যক্রম দ্বারা সরে যাওয়ার ঝুঁকিতে আছে। শুধুমাত্র তাদের লিঙ্গের কারণে, যার ফলে, অনেক মেয়েদেরকেই বিদ্যালয় থেকে দূরে রাখা হয় বা বাদ পরে যায়, শেষ পর্যন্ত শোষণমূলক শ্রমে। ১১ কোটিরও অধিক শিশুরা বিদ্যালয়ের বাইরে, প্রায় দুই-তৃতীয়াংশই হচ্ছে মেয়েরা। এটি আরও বর্ণনা করে কেন নারীদের গঠনে পৃথিবীর প্রায় দুই-তৃতীয়াংশই অশিক্ষিত জনগণ।

*একটি উপলব্ধি যে শিশু গৃহকর্মের একটি প্রধান কারণ হচ্ছে লিঙ্গ বৈষম্য যা শিশু শ্রমিকদের নিরাপত্তা এবং গৃহস্থালি কাজে শিশু শ্রমিকদের সংবরণ ও বাছাইকরণের জন্য সংকটপূর্ণ।* এইভাবে, আইনী সংস্কার, নীতি এবং কার্যক্রম বাস্তবায়নে, এবং শিশুদের গৃহস্থালি কাজের সামাজিক, অর্থনৈতিক এবং স্বাস্থ্যগত ফল ধার্য করতে একটি বৈষম্য-বিরোধী দৃষ্টিভঙ্গির প্রয়োজন।

সূত্রঃ Give girls a chance: tackling child labour, a key to the future, ILO-IPeC, Geneva, 2009, Give_girls_a_ chance_report_en_Web.pdf.; Beyond child labour: affirming rights, UNICef, March 2001, http://www. unicef.org/publications/files/pub_beyond_en.pdf.; de Silva-de-Alwis R., Legislative reforms on child domestic labour: a gender analysis, UNICef, New York, January 2007http://www.unicef.org/gender/ files/Leg_Reform_on_Child_Domestic_Labour(1).pdf

*গৃহস্থালি কাজের বিচ্ছিন্নতাঃ* স্বতন্ত্র এবং ব্যক্তিগত কাজের ব্যবস্থার জন্য, শিশুশ্রমের সবচেয়ে খারাপ অবস্থা অন্যসব পরিস্থিতির চেয়ে গৃহস্থালি কাজে আরও সহজে ঘটতে পারে, এবং বাইরের দ্বারা অগোচরেই থেকে যায়। অত:পর, যেসব শিশুরা শারীরিক, মানসিক ও যৌন নির্যাতনের ভোগে এবং বিপদজনক কাজের পরিস্থিতির সংস্পর্শে আসে, তারা প্রতিকার এবং/অথবা নিরাপত্তা খুজতে অক্ষম। এটি বিশেষভাবে অল্পবয়সী শিশুদের জন্য সত্য যারা তাদের নিয়োগদাতা – তাদের "বিকল্প পিতামাতা"–এর উপর সম্পূর্ণভাবে নির্ভরশীল, সবকিছুর জন্য।

*গৃহস্থালি কাজে অনুক্রমিক অভ্যাসসমূহঃ* সামাজিক অনুক্রম (সমাজে মানুষের ক্রমবিন্যস্ত- শ্রেণীবিন্যাস) হচ্ছে গৃহস্থালি কাজে গভীরভাবে বদ্ধমূল, অন্যান্য মানুষের কাছে তাদের আদেশে ব্যক্তিগত সেবার কর্মক্ষমতার দ্বারা একটি পেশা সংজ্ঞায়িত হয়। গৃহকর্মীদের অধিকাংশই আসে গরীব পরিবার, "নিম্ন" শ্রেণী/বর্ণ, জাত বা উপজাতীয় সংখ্যালঘুদের, এবং/অথবা গ্রামীণ এলাকা থেকে। তাদের আনুষ্ঠানিক প্রাথমিক-শিক্ষা সম্ভবত অল্প আছে বা নেই। তাদের নিয়োগদাতারা আসে মধ্যবিত্ত – বা "উচ্চবিত্ত" – শ্রেণী বা বর্ণ থেকে এবং তাদের কিছু আনুষ্ঠানিক শিক্ষার সনদ আছে। ক্ষমতার সম্পর্কগুলো পরিষ্কারভাবেই নিয়োগদাতার আনুকূল্যে।

নিয়োগদাতাদের বিশাল সংখ্যাগরিষ্ঠতা অনিশ্চিত থাকে যে তাদের গৃহকর্মীরা হচ্ছে অন্যান্য শ্রমিকদের মতন একই অধিকারপ্রাপ্ত শ্রমিক। কার্যত, সকল ভাষায়, "গৃহকর্মী" পরিভাষাটি খুব কমই ব্যবহৃত হয়। গৃহকর্মীদের "দাসী", "চাকর", "ভৃত্য" বা "কাজেরলোক" ডাকা হয়, অথবা তাদের মূলকাজের উপর উল্লেখ করেঃ "ধোপানী", "বাবুর্চি", "পরিচর্যাকারী", "পরিষ্কারক", "মালী", অথবা "পাহারাদার"। তারা যেসব কাজ করে থাকে সেগুলোকে অদক্ষ বা বেশী দক্ষতার অপ্রয়োজনীয়তা, এবং সেইজন্যেই নিম্ন পদমর্যাদার হিসেবে ধরা হয়।

শিশু গৃহকর্মীরা এই সামাজিক সিঁড়ির একদম নীচে অবস্থান করে। যেহেতু তারা অল্পবয়সী, তারা প্রাপ্তবয়স্ক শ্রমিকদের মতন কার্যক্ষম নয়, এবং নিয়োগদাতারা তাদের অল্প বেতন দেওয়া অথবা শুধুমাত্র খাদ্য ও  আশ্রয় দেওয়াকেই সঠিক মনে করেন। প্রায়ই, নিয়োগদাতারা দাবি করেন যে তারা তাদের গৃহকর্মীদেরকে নিজেদের আপন মেয়ে বা ছেলেদের মতন আচরণ করেন। অনেক দেশে গবেষণা এবং সমীক্ষা থেকে পাওয়া প্রমাণ দেখায় যে, অল্পকিছু ব্যতিক্রম নিয়ে, এই দাবিটি ভিত্তিহীন (বাক্স ৩ ও ৪ দেখুন)। শিশুরা, বিশেষকরে অনেক অল্পবয়সীরা, যৎসামান্যই তাদের “বিকল্প পিতামাতাদের” থেকে তারা যে আচরণ পায় তার ব্যপারে অভিযোগ করার অবস্থানে আছে। এমনকি কেউ তাদের নিয়োগদাতাদের বাধ্য মনে করে, যাদের কাছে তাদের পরিবার তাদেরকে ন্যস্ত করেছে।

**বাক্স ৩ গৃহস্থালি কাজে ক্ষমতার সম্পর্কসমূহ**[15]

“গৃহকর্মীর অন্তর্নিহিত ক্ষমতার সম্পর্কগুলোর কারণে, মেয়ে-শিশুরা প্রাপ্তবয়স্ক পুরুষ অথবা বড় বা সবল শিশুদের দ্বারা ঘরের ভেতর নির্যাতিত হতে পারে। এছাড়াও তারা ঘরের অতিথি, অথবা অন্য গৃহকর্মীদের দ্বারা যৌন নির্যাতনের প্রতি প্রকাশিত হতে পারে। গৃহস্থালি সেবার শিশুরাও সরাসরি শারীরিক নির্যাতন ভুগতে পারে, তারা বাধ্য থাকবে নিশ্চিত করার জন্য, অথবা শাস্তি হিসেবে পদ্ধতিগতভাবে পিটানো হচ্ছে যখন তাদেরকে তাদের কাজে ধীর বা অসহযোগী বা ভুল করতে দেখা যায়। তাদের দগ্ধ করা বা অন্যথায় নির্যাতন করা হতে পারে, এবং শুধু প্রাপ্তবয়স্ক সদস্যদের দ্বারাই নয়, এমনকি পরিবারের ভেতরের শিশুদের দ্বারাও যারা ঘরের “অধীন” সদস্যদের উপর নিষ্ঠুরতাকে একটি বৈধ সম্পর্ক হিসেবে দেখে, অথবা অন্যান্য গৃহকর্মীদের দ্বারা যারা তাদের মধ্যে শোষিতদের প্রতি একটি অনুক্রম বসানোর চেষ্টা করছে।”

সূত্রঃ *Helping hands or shackled lives? Understanding child domestic labour and responses to it*, ILOIPeC, Geneva, 2004
http://www.ilo.org/ipecinfo/product/download.do?type=document&id=348.

**৯. কেন শিশুরা – বিশেষকরে মেয়েদেরকে – গৃহস্থালি কাজে চাপ দেওয়া বা টানা হয়?**[16] এখানে শিশু গৃহস্থালি কাজের অনেকগুলো মূলকারণ আছে, কিন্তু সাধারণত আমরা “চাপানো বা টানা” কারণের মধ্য থেকে আলাদা করতে পারি। চাপানো কারণগুলো হচ্ছে সমস্যাগুলো যা শিশুদের গৃহস্থালি কাজে চালনা করে; টানার কারণগুলো হচ্ছে শর্তাবলী যা শিশু গৃহস্থালি কাজ প্রকাশনকে গ্রহণযোগ্য করে, অথবা এমনকি সমস্যার একটি সমাধান হিসেবে আকর্ষণীয় করে। চাপানো কারণগুলো হচ্ছেঃ

- দারিদ্রতা এবং সামাজিক বর্জন (সম্পদ, অধিকার, সুযোগ,  পণ্য ও সেবা অধিগত করার অস্বীকৃতি/ঘাটতি),

- শিক্ষা এবং শিক্ষাগত সুযোগসুবিধার ঘাটতি,

- লিঙ্গ, জাতি, রঙ, ধর্ম, জাতীয় উৎপাটন এবং সামাজিক উৎসের ভিত্তিতে বৈষম্য (বাক্স ২ দেখুন),

- নিজেদের ঘরে সহিংসতার ভুক্তভোগী শিশুদের দ্বারা,

[15] Box 3:  The power relationships in domestic work
[16] Why are children - especially girls - pushed or pulled into domestic work?

- উৎখাত (সশস্ত্র সংঘাত, অভ্যন্তরীণ দ্বন্দ্ব এবং মানবাধিকারের রীতিগত লঙ্ঘন, পাশাপাশি প্রাকৃতিক বা মানবসৃষ্ট বিপর্যয়ের কারণে),

- গ্রামীণ-শহুরে অভিপ্রয়াণ, এবং সংঘাতের কারণে পিতামাতাকে হারানো এবং/অথবা রোগ।

টানার কারণগুলো হচ্ছেঃ

- ঋণ অধীনতা (আরও পরিচিত ঋণ দাসত্ব বা ঋণ শ্রম হিসেবে) হচ্ছে একটি ঋণ বা অন্যান্য বাধ্যবাধকতা পরিশোধের জন্য জমানত হিসেবে একজন নিয়োগকর্তার প্রতি একজন ব্যক্তির তার বা তার সন্তান/সন্তানাদির শ্রম বা সেবার অঙ্গীকার,

- সামাজিক ও অর্থনৈতিক অসমানতা বৃদ্ধি,

- সামাজিক ও সাংস্কৃতিক স্বীকৃতি এবং প্রত্যাশাঃ গৃহস্থালি কাজ শিশুদের, বিশেষ করে মেয়েদের, জন্য "নিরাপদ" এবং উপযুক্ত কাজ,

- উপলব্ধি যে নিয়োগকর্তা হচ্ছে কেবল একজন বর্ধিত পরিবারের সদস্য এবং, এই কারণে, শিশুদের জন্য একটি সুরক্ষিত পরিবেশ প্রদান করে,

- মহিলাদের জন্য একটি গৃহস্থালি "প্রতিস্থাপন" পেতে তাদের শ্রমবাজারে প্রবেশ সক্ষম করতে প্রয়োজনীয়তা বৃদ্ধি,

- অল্পবয়সী শ্রমিকদের প্রবল চাহিদা কারণ তারা সস্তা ও নিয়োগকারীদের জন্য কম ঝুঁকি প্রদর্শন করে, একান্ত এবং ব্যক্তিগত কাজের ব্যবস্থা; অনুগত শ্রমিক, শোষণ, কর্মচ্যুত এবং বদলি করা সহজ,

- বিভ্রান্তি যে গৃহস্থালি সেবা শিশু শ্রমিকদেরকে শিক্ষার সুযোগ দেয়, - একটি ভাল ভবিষ্যতের জন্য সন্তানের নিজস্ব উচ্চাকাঙ্খা।

**বাক্স 4 "পরিবারের একজন মতন": একটি অস্পষ্ট সম্পর্ক**[17]

"যদিও অনেক পিতামাতারাই জানেন যে তাদের সন্তানরা কাজ করবে, পিতামাতারা প্রায়ই তাদের নতুন একটি পরিবারে স্থাপন করেন, একজন "শ্রমিক" হিসেবে নয় তবে একজন "কন্যা" বা "পুত্র" হিসেবে। এই ব্যবস্থার অনানুষ্ঠানিকতা পিতামাতা এবং নিয়োগকর্তা উভয়েই মানানসইঃ এটি পিতামাতাদের অবিরত ভান করতে অনুমোদন দেয় যে একটি পারিবারিক পরিবেশে তাদের সন্তানের যত্ন নেওয়া হচ্ছে, যখন নিয়োগকর্তাদের বিশ্বাস করতে উৎসাহিত করা হয় যে তারা শিশু এবং তার পরিবারকে সহায়তা করছে। কিন্তু, এটি সাধারণত একটি শোষণ ব্যবস্থা এবং সহিংসতা ও নির্যাতন ঢাকার ছদ্মবেশ দ্বারা সন্তানের স্বার্থের বিরুদ্ধে কাজ করে। এশিয়া/প্রশান্ত মহাসাগরের কিছু সমাজে প্রচলিত যে, নিয়োগকর্তা একজন হিতকারী এই সম্পর্ক বর্ণনা করে অপরিচিত লোকেদের দ্বারা "দত্তক" বা বর্ধিত পরিবারের সদস্যদের দ্বারা "প্রতিপালন" হিসেবে বৈধতা প্রদান করা হয়েছে। এটি স্নেহপরায়ন আত্মীয়তার সম্পর্ক এবং শিশুদের

[17] Box 4: "Like one of the family": an ambiguous relationship

লালনপালনের জন্য সামাজিক সমর্থনের ধারণা সৃষ্টি করে। বাস্তবে এটি গৃহস্থালি কাজে ঘটা শিশুশ্রমের ঝুঁকিকে লুকিয়ে রাখে।”

সূত্রঃ *Tackling child labour and protecting young workers in domestic work: a resource manual*, ILOIPeC/Global March Against Child Labour, New Delhi, ILO & Global March, 2014.

**১০. গৃহস্থালি কাজে শিশু এবং তরুণদের কাজ ও বসবাসের শর্তাবলী কি?**[18] সাম্প্রতিক বছরগুলোতে, এশিয়া/ প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলসহ বিশ্বের অনেক অংশে গবেষণা করা হয়েছে, গৃহস্থালি কাজে শিশু এবং তরুণদের কাজ ও বসবাসের শর্তাবলীর উপর। এগুলি নিশ্চিত করেছে যে, গৃহস্থালি কাজে শিশুশ্রমের সবচেয়ে খারাপ ধরণসমূহের ব্যাপক বিস্তার ঘটেছেঃ

- শিশুদের কাজের পরিধি দীর্ঘ, প্রতিদিন ১০-১২ ঘণ্টা।

- তারা প্রায়ই সপ্তাহে ৬-৭ দিন কাজ করে।

- তারা খুবই অল্প সময়ের বিরতি পায়, মূলত খাওয়ার জন্য।

- একটা বিশাল অংশের (উদাহরণস্বরূপ, ইন্ডিয়াতে ৯১ শতাংশ), কোন ছুটি নেই।

- মারধরের ঘটনা বিরল নয় (উদাহরণস্বরূপ, ইন্ডিয়াতে ৩৫ শতাংশ)।

- বেশীরভাগ ক্ষেত্রে পারিশ্রমিক খুবই অল্প, এবং মাঝেমাঝে কিছুই নেই অথবা এটি দিতে অস্বীকার করা হয়।

- পরিবার এবং ভাইবোনদের থেকে দূরত্ব, বন্ধু বানানো বা সামাজিকতার অনেক কম সুযোগসুবিধার সাথে যুক্ত, শিশু গৃহকর্মীদের মানসিক নিরাপত্তা, অনুভূতি বৃদ্ধির বিভ্রান্তির হুমকি খুঁজে পাওয়া গেছে।

- গৃহস্থালি কাজে শিশুদের এবং মানব পাচারের মধ্যে স্পষ্ট সংযোগ আছে (যাতে লোকেরা একজন দালাল দ্বারা আটক বা প্রলুব্ধ হয়, অতঃপর একজন ক্রেতার কাছে বিক্রীত হয় শ্রম বা যৌন শোষণের জন্য)।

- শিশুরা ত্রুটিপূর্ণ পুষ্টিকর খাদ্য, গোপনীয়তা অভাব, মানসিক বিচ্ছিন্নতা, প্রয়োজনের সময় চিকিৎসা সেবার অভাব, এবং অবসর বা বন্ধুত্বের জন্য যথেষ্ট সময়ের অভাবের ভুক্তভোগী হয়। - শিশুদের শিক্ষার সুযোগ অনেক অল্প আছে বা নেই।

**বাক্স ৫ শিশু গৃহকর্মীদের বক্তব্য**[19]

“আমি ভোর ৪টায় উঠতাম, রান্না করতাম, পরিষ্কার করতাম, থালা-বাসন ধুইতাম এবং মেঝে মাঝতাম”। যখন শিশুরা ঘুম থেকে জেগে উঠত, আমি তাদের গোসল করাতাম। যখন বাচ্চা ঘুমিয়ে থাকতো, আমি দাদিকে গোসল করতে সাহায্য করতাম কারণ তিনি অনেক বয়স্ক ছিলেন। আমি তারপর রান্না শেষ করতাম

[18] What are the working and living conditions of children and youth in domestic work?
[19] Box 5: Voices of child domestic workers

এবং বাচ্চাদের দেখাশুনা করতাম। যখন বাবামায়েরা অফিস থেকে বাসায় ফেরত আসতো, আমি কাপড় ইস্ত্রি করতাম এবং রাতের খাবার প্রস্তুত করতাম।" – ইন্দোনেশিয়া থেকে একজন শিশু গৃহকর্মী।
"আমি ১২ বছর বয়স থেকে কাজ করা শুরু করি। তারপর থেকে, আমি কখনও আমার পরিবারকে দেখিনি। গৃহকাতরতা আমার সবচেয়ে বড় শত্রু ছিল। আমার মা আমাকে শুধু দেখেছিল যখন আমার নিয়োগকর্তা অবশেষে তাকে বলেছিল আমি ম্যানিলায় কোথায় কাজ করছিলাম। তারা আমাকে কাউকে দেখতে অনুমতি দিতনা কারণ তারা আমাকে সবসময় মারধর করত। আমি সবসময় আমার বাবামাকে বলতে চাইতাম আমার জীবনটা কতোটা কঠিন ছিল।, কিন্তু সেই সুযোগটি ছিলনা" – ফিলিপাইন থেকে একজন শিশু গৃহকর্মী।
"আমি যখন ১৩ বছরের, আমার বাবা তখন মারা যায়। আমি আমার পরিবারকে খাওয়াতে আমার চাচার ক্ষেতে ধান রোপণে কাজ করতাম। যখন সে আমাদের তা করার অনুমতি দেওয়া বন্ধ করে দেয়, আমাকে অন্যথায় কাজ খুজতে হয়, বিশেষকরে যেহেতু আমার মা একটি দুর্ঘটনায় পক্ষাঘাতগ্রস্ত হয়ে যান। আমি একটি লোকের সাথে সাক্ষাত লাভ করি যে বলেছিল আমাকে থাইল্যান্ডে কাজ খুজে দিবে। আমি ব্যাংককে গৃহকর্মী হিসেবে মেঝে পরিষ্কার, কাপড় ও থালাবাসন ধোয়ার কাজে নিপতিত হই। আমার কর্তা অনেক বয়স্ক ছিল। আমি যদি চোখ তুলে তাকাতাম, তবে সে আমাকে আঘাত করত। তার স্ত্রী অনেক ভাল মহিলা ছিলেন। তিনি অনেক দয়ালু ছিলেন। তিনি আমাকে সমস্যার কথা জিজ্ঞেস করতেন, কিন্তু আমি বলতে পারতাম না। আমি তিনমাস ধরে প্রতি রাতে কান্নাকাটি করতাম। আমি কোন বেতন পাইনি এবং অবশেষে সেখান থেকে পালিয়ে যাই। থাই পুলিশের সহযোগিতায়, বাড়ীতে ফেরার আগে আমি একটি আবাসিক কেন্দ্রে আসি যেখানে আমি নতুন কর্মদক্ষতা লাভ করি।" - গণতান্ত্রিক প্রজাতন্ত্র লাও থেকে একজন শিশু গৃহকর্মী।
- "আমাকে মৌখিক বা শারীরিক শাস্তি খুব একটা কষ্ট দেয়না, কিন্তু তারা আমাকে বিন্দুমাত্র দয়া বা সম্মান প্রদর্শন করেনা যদিও আমি অনেক কঠোর পরিশ্রম করি। আমি যখন বাচ্চাদেরকে বিদ্যালয় বা উদ্যানে নিয়ে আসি, আমার অনেক মন খারাপ হয় কারণ আমি তাদের সাথে যোগদান করতে পারিনা।" – বাংলাদেশ থেকে একজন শিশু গৃহকর্মী।
- "এমনকি যখন আমি ঘরে থাকতাম, আমাকে বলা হত একজন মেয়ে হিসেবে আমার দায়িত্ব হচ্ছে রান্না করা, পরিষ্কার করা, এবং ঘরের দেখাশোনা করা। তাই যখন নিয়োগ সংস্থার প্রতিনিধি আমার কাছে দিল্লিতে একটি কাজের প্রস্তাব নিয়ে আসে, আমার বাবামা তখন অনেক উল্লাসিত ছিল এই ভেবে যে ঘরে কিছু অতিরিক্ত আয় আসবে।" – ইন্ডিয়া থেকে একজন শিশু গৃহকর্মী।

সূত্রঃ Jonathan Blagbrough, *They respect their animals more – voices of child domestic workers,* AntiSlavery International London, 2007.

- শিশু গৃহস্থালি কাজে ঝুঁকির সংযোগ অনেক বেশী, যেজন্য কিছু দেশ ১৮বছরের নিচের শিশুরা কিধরণের কাজ করতে পারে তার শর্তাবলী নির্ধারণ করে জাতীয় আইন এবং প্রবিধান প্রণয়ন করেছে। শিশুরা গৃহস্থালি কাজে সম্মুখীন হয় যা মিশ্রিত হয় যখন তারা তাদের গৃহকর্তার বাড়ীতে কাজ করে এমন কিছু খুবই সাধারণ বিপদাপদ নিম্নলিখিতঃ

- দীর্ঘ ও ক্লান্তিকর কর্মদিবস; ঘুমের অভাব,

- বিষাক্ত রাসায়নিক দ্রবের ব্যবহার,

- পানি, জ্বালানী, পোশাক এবং অন্যান্য শিশুসহ ভারী জিনিসপত্র বহন করা,

- বিপদজনক সামগ্রী সামল দেওয়া যেমন ছুরি, কুড়াল এবং গরম পাতিল,

- যন্ত্রপাতি ব্যবহার/চালনা করা যেমন মই, ভ্যাকুয়াম ক্লিনার, মিশ্রণযন্ত্র, উনুন, প্রোপেন গ্যাস ট্যাংক এবং কাপড় ধোয়ার যন্ত্র,

- অপর্যাপ্ত এবং অনুপযুক্ত খাবার ও বাসস্থান, এবং

- শারীরিক ও মৌখিক সহিংসতা এবং যৌন নিপীড়নসহ অপমানজনক বা অধ:পতিত ব্যবহার।

এইসব পরিস্থিতির ভেতর কাজ করার একজন শিশুর দৈহিক, মানসিক এবং নৈতিক সমৃদ্ধির উপর দীর্ঘমেয়াদী প্রভাব আছে। শিশুদের এইসব বিপদে কাজ করানো হচ্ছে তাদের মৌলিক অধিকারগুলোকে অস্বীকার করাঃ ক্ষতি থেকে যত্ন বা সুরক্ষা পাওয়া; বিশ্রাম এবং খেলা; তাদের পিতামাতা এবং আত্মীয়দের সাথে যোগাযোগের সুযোগ পাওয়া; শিক্ষার সুযোগ পাওয়া।

## ১১. গৃহস্থালি কাজে শিশুশ্রম বন্ধে শিক্ষা কেন গুরুত্বপূর্ণ?[20]

| |
|---|
| "একজন শিশু, একজন শিক্ষক, একটি বই, একটি কলম পৃথিবী বদলে দিতে পারে"। মালালা ইউসুফজাই, নারীশিক্ষা ও সর্বকনিষ্ঠ নোবেল পুরস্কার বিজয়ী পাকিস্তানী সক্রিয় কর্মী। |

*শিশুদের শিক্ষার সুযোগ এবং শিশুশ্রম দূরীভূত করাটা নিবিড়ভাবে সম্পর্কিত*। যখন শিক্ষা বাধ্যতামূলক, অবৈতনিক এবং উন্নতমানের, এটি শিশুশ্রম কমানোয় সাহায্য করতে পারে। যদিও, এটি এশিয়া/প্রশান্ত মহাসাগরীয় বেশীরভাগ দেশে আদৌ সম্ভবপর নয়। দরিদ্র পরিবারের জন্য শিশুদের শিক্ষা বড় বোঝা হতে পারে, এমনকি অনেক দেশে প্রাথমিক শিক্ষা অবৈতনিক। উদাহরণস্বরূপ, আইন অনুসারে, বাংলাদেশে পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষা অবৈতনিক এবং বাধ্যতামূলক, তবে কিছু কারণের জন্য শিশুরা প্রাথমিক শিক্ষা শেষ করতে পারছেনা, যেমন ছাত্র-শিক্ষক অধিক অনুপাত, শুধুমাত্র ২ থেকে ৩ ঘণ্টার স্বল্পকালীন বিদ্যালয় দিবস, এবং শিক্ষকের, বইপত্রের, স্কুলের পোশাকের, যাতায়াত ও খাবারের মাত্রাতিরিক্ত খরচ। অধিকাংশ অঞ্চলের দেশগুলি। যেমন ফিলিপাইনে – যেখানে আইন আদেশ করে অবৈতনিক প্রাথমিক শিক্ষার – একই পরিস্থিতিতে আছে। এছাড়াও, গ্রামীণ এলাকার শিক্ষার্থীদের বিশেষকরে তাদের যারা মাধ্যমিক পর্যায়ে, তাদের দূরবর্তী বিদ্যালয়ে যাওয়া করা দুঃসাধ্যকর। অনেক দরিদ্র পরিবার এইজন্য তাদের সন্তানদের – বিশেষকরে মেয়েদেরকে – ধনী আত্মীয়স্বজন বা অন্যদের ঘরে গৃহকর্মী হিসেবে কাজ করতে পাঠায় এই আশায় যে সন্তানেরা শিক্ষালাভ করবে। কিন্তু শিশুশ্রম হচ্ছে শিক্ষার পথে একটি প্রধান বাধা। শিশুরা যারা দীর্ঘসময় কাজ করে, প্রায় বিপদজনক পরিস্থিতিতে, সাধারণত বিদ্যালয়ে উপস্থিতও হতে পারেনা। শিশুরা যত বেশী সময়

[20] Why is education crucial to eliminating child labour in domestic work?

কাজ করবে, ততই তাদের শিক্ষার সুযোগ কমে যায়। অধিকন্তু, অধিকাংশ শিক্ষাগত পদ্ধতি শিশু গৃহকর্মীদের অনিয়মিত কর্মঘণ্টার সমন্বয়ে গঠিত নয়।

শিক্ষার সুযোগ পাওয়া একটি শিশুর মৌলিক অধিকার, তার সামগ্রিক উন্নয়ন এবং মঙ্গলের জন্য গুরুত্বপূর্ণ। শিক্ষা সুযোগ বৃদ্ধি করে, ভবিষ্যতের জন্য আশা দেয়, এবং দীর্ঘমেয়াদী গৃহস্থালি কাজ থেকে একটি সম্ভাব্য অব্যাহতির সুযোগ দেয়। বিদ্যালয়ের উপস্থিতি শিশুকে দৃশ্যমান করে তোলে, তাদের কিছু সুরক্ষা প্রদান করে এবং তাদের বন্ধুত্ব, সামাজিক ক্রিয়াকলাপ এবং সমর্থক প্রাপ্তবয়স্কদের মাধ্যমে সামাজিক সুবিধা প্রদান করে। বিদ্যালয় দুটি অতিরিক্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। প্রথমত, ক্লাস উপস্থিতির নজরদারির দ্বারা, শিক্ষক শিশু শ্রমিকদের চিহ্নিত করতে পারেন এবং নির্যাতন ও শোষণের ক্ষেত্রে নজরদারি করতে পারেন। দ্বিতীয়ত, বিদ্যালয়ে বিনামূল্যে খাবার সরবরাহ করা শিশুশ্রম হ্রাসের একটি কার্যকরী উপায় হিসেবে প্রমাণিত হয়েছে। শিশুদের জন্য বিনামূল্যে দুপুরের খাবার দেওয়াটা বাবা-মায়ের জন্য তাদের সন্তানদেরকে বিদ্যালয়ে পাঠাতে উৎসাহজনক কারণ এটি দরিদ্র পরিবারের খাদ্য খরচ হ্রাস করে। এটি ল্যাটিন আমেরিকায় শিশুশ্রম কমাতে অনেক কার্যক্রমে একটি সাধারণ অভ্যাস। ফিলিপাইনে, সরকার-অর্থায়নে "প্যান্টাউইড" কার্যক্রম দরিদ্র পরিবারের শিশুদের নগদ অর্থ প্রদান করে যা নিয়মিত শিশুদের বিদ্যালয়ে যেতে উৎসাহিত করে। অনুরূপভাবে ইন্দোনেশিয়াতে, "পেনারিকান পেকারজা এনাক উন্তুক মেন্ডুকুং প্রোগ্রাম ক্যালুআরগা হারাপান" বা পিপিএ-পিকেএইচ, একটি পরিবারভিত্তিক শর্তাধীন ক্যাশ ট্রান্সফার প্রোগ্রাম, যা স্কুলে অবস্থানরত শিশুদের উপর ইতিবাচক প্রভাব ফেলেছে।

এশিয়া/প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে, বিশেষকরে দক্ষিণ এশিয়ায় শিক্ষার বিনিয়োগ অত্যন্ত কম থাকে। বাংলাদেশ, পাকিস্তান ও ভারত তাদের জাতীয় আয়ের যথাক্রমে মাত্র ২.৬%, ২.৭% এবং ৩.৩% শিক্ষার জন্য বরাদ্দ রাখে। ভারতে ৪৪ কোটি ৫০ লক্ষ শিশু, বাংলাদেশে ৬ কোটি ৪০ লক্ষ এবং পাকিস্তানে ৭ কোটি আছে। এই তিনটি দেশ আক্ষরিক অর্থে বিশ্বের এক-তৃতীয়াংশ শিশুদের বাসস্থান। বিশ্বের ভারত ও পাকিস্তানে বিদ্যালয়গুলোতে ঝরে পড়া শিশুদের সংখ্যা সর্ববৃহৎ। মেয়েদের প্রতি ব্যাপক বৈষম্য থাকায় শিক্ষার মানোন্নয়নে বিশেষ পদক্ষেপ গগ্রহণ করাটা অত্যন্ত প্রয়োজনীয়। *মেয়েশিশুদের শিক্ষায় বিনিয়োগ কেবল তাদের ব্যক্তিগত বিকাশকেই উপকৃত করে না বরং সামাজিক অগ্রগতি ও অর্থনৈতিক উন্নয়নকে সাধারণভাবে সমর্থন করে।*

**বাক্স ৬ মেয়েদের শিক্ষাদানের সুবিধা**[21]

*নারীর উর্বরতার হার হ্রাসঃ* আনুষ্ঠানিক শিক্ষাহীন নারীদের থেকে আনুষ্ঠানিক শিক্ষায় শিক্ষিত নারীরা দেরীতে বিয়ে করে এবং সন্তান নেয় এবং অল্প ও স্বাস্থ্যকর সন্তান জন্ম দেয়।
*শিশুর মৃত্যুহার হ্রাসঃ* কোনও আনুষ্ঠানিক শিক্ষাহীন নারীদের থেকে আনুষ্ঠানিক শিক্ষায় শিক্ষিত নারীরা তাদের সন্তানদের চিকিৎসা করায়, টিকা দেয়, পুষ্টিকর চাহিদাগুলি ভালভাবে পূরণ করে এবং উন্নত স্যানিটেশন পদ্ধতিগুলি গ্রহণ করে। যারফলে, তাদের শিশুদের বেঁচে থাকার হার অত্যধিক এবং স্বাস্থ্যবান হয় ও পুষ্টিহীনতামুক্ত থাকে।

[21] Box 6: The benefits of educating girls

*মাতৃত্বের মৃত্যুহার কমানোঃ* আনুষ্ঠানিক শিক্ষায় শিক্ষিত নারীরা স্বাস্থ্যের ভাল জ্ঞান রাখে। খুব কমবয়সেই তাদের গর্ভবতী হওয়ার সম্ভাবনা কম। তারা কম, ভাল বিরতিতে গর্ভধারণ করে এবং প্রাক-জন্মোত্তর পরিচর্যার খুঁজে।

*এইচআইভি/এইডস সংক্রমণের বিরুদ্ধে সুরক্ষাঃ* মেয়েদের এইচআইভি/এইডস সংক্রান্ত শিক্ষা মেয়েদের সংক্রমণের ঝুঁকি হ্রাস করার সবচেয়ে কার্যকর উপায়।

*নারী শ্রমিকদের অংশগ্রহণের হার এবং আয় বৃদ্ধিঃ* শিক্ষা নারীদের মজুরির জন্য সম্ভাব্য উপার্জন বৃদ্ধি করে এবং নিয়োগকারীদের জন্য উৎপাদনশীলতা বৃদ্ধি করে।

*পরের প্রজন্মকে সাহায্য করাঃ* কয়েক বছর ধরে আনুষ্ঠানিক শিক্ষালাভকারী মায়ের দ্বারা তার নিজের শিশুদের স্কুলে পাঠানোর সম্ভাবনা অত্যধিক।

সূত্রঃ Give girls a chance: tackling child labour, a key to the future, ILO-IPeC, Geneva, 2009, Give_ girls_a_chance_report_en_Web.pdf.